বিলি ডেন পড়ত বিংলে রোড স্কুলে। সেখানকার ছেলেরা ছিল ফুটবলপাগল। তবে ভিতু ছেলে বিলি ফুটবলদলে তেমন সুযোগ পেত না। হঠাৎ সে একদিন একজোড়া বুট খুঁজে পেল। অতীতের এক স্টার ফুটবলারের বুটজোড়া যেন ম্যাজিক জানত। স্কুলদলের ট্রায়ালে বিলির ডাক পড়ল। কিন্তু স্কুল থেকে বাড়ি ফিরে সে শুনল, বুটজোড়া ঠাকুমা ফেলে দিয়েছেন।

বল বিলির দিকে আসামাত্রই সে ভয় পেতে লাগল...
এগোও বিলি,...এগোও। নিজেই এগিয়ে চলো! কুছ পরোয়া নেই!
আমি জানি, আমার বুটজোড়া না থাকলে আমি খেলতেই পারব না...!
বিলির সামনে শুধু গোলকিপার...সুবর্ণ সুযোগ সে নষ্ট করল...
ছি ছি, একেবারে বাজে শট!
ওঃ, হো! ভাবা যায় না!
আ-মি জানতাম, এরকমই কিছু ঘটবে!
হাফ টাইম...
মনে হচ্ছে, আমাকে ভুল খবর দেওয়া হয়েছিল। কেউ একজন আমাকে চিঠি লিখে জানিয়েছিল তুমি দারুণ খেলোয়াড় বিলি। হয়তো সে রাগবি...না হয় অন্য কোনও খেলার কথা বলেছিল!
হাঃ হা হা!
সার, বিলি নেটবল ভালই খেলবে!
ঠিক সেই সময়...
শোনো বাছা, তোমার জিনিসটা খুঁজে পেয়েছি!
আমার বুটজোড়া!
তোমার ভাগ্য খুব ভাল...বুটজোড়া ঠিক সময়ে পেয়ে গেলে। জানতাম, তোমার কাছে পৌঁছে দিলেই এটা তোমার কাজে লাগবে।
কী বলে আপনাকে ধন্যবাদ জানাব...এখনও সেকেন্ড হাফটা আমি খেলতে পাব!
চলে এসো সব...এবার দারুণ খেলা দেখতে চাই...আমার মনে হচ্ছে, বিলি ডেনও ভেলকি দেখাবে...!
বুটজোড়া পায়ে দিয়েই মনে হচ্ছে আমি বদলে গেছি। আমাকে নিয়ে হাসি-ঠাট্টা? দেখাচ্ছি মজা! ঠিক জবাবটাই দেব!
বিলি ডেন করছেটা কী? মাঠে শুধুই দৌড়ে বেড়াচ্ছে... বল পাবে বলে তো মনেই হচ্ছে না। এভাবে দৌড়নোর মানে হয়?
এমনকী, বিলি জানত না সে কেন এভাবে দৌড়চ্ছে...কিন্তু...
বুটজোড়াই আমাকে এখানে দৌড়ে আসতে বাধ্য করেছে। যাঁর বুট পরে খেলছি, তিনিও ঠিক এটাই করতেন। পাস পাওয়ার জন্য তিনি সবসময় ঠিক জায়গাতেই পৌঁছে যেতেন!
ডিফেন্ডারের কড়া ট্যাক্‌ল এড়িয়ে...
ওদের সবাইকে টপকে এসেছি... সামনে শুধু গোলকিপার!
গো ও-ও-ল!
দারুণ কাণ্ড! একেই বলে ফুটবল। খেলার রাজা। আগামী দিনের ফুটবলের রাজা হয়তো বিলি ডেন!
অতীতের স্টার-ফুটবলারের বুটজোড়া পায়ে দিয়ে বিলি ডেন উঠছে নতুন দিনের স্টার। দলে ওর স্থান পাকা।